কুস্তির ম্যাট থেকে জীবনের লড়াইয়ে জয়ী আমন

আমন সেহরাওয়াত
ভারতের সর্বকনিষ্ঠ অলিম্পিক পদকজয়ী

- জন্ম হরিয়ানার ঝাঝরে
- মাত্র ১১ বছর বয়সে অনাথ
- দাদুর কাছেই বড় হন
- বোনের সঙ্গেই কাদায় কুস্তি করে বড় হওয়া ছত্রশাল স্টেডিয়ামে ভরতি হন বোন ও আমন
- সুশীল কুমার, ছোটবেলায় আমনের হিরো
- অনূর্ধ্ব ২৩ বিশ্ব চ্যাম্পিয়ন হন মাত্র ১৯ বছর বয়সে
- প্যারিস অলিম্পিকে ব্রঞ্জ মাত্র ২১ বছর বয়সে

প্যারিস: 'তারক মেহতা কা উল্টা চশমা' দেখতে ভালবাসেন তিনি। তবে জীবন তো আর কমেডি নয়! তাই সংগ্রামটা শুধু কুস্তির ম্যাটেই নয়, ভারতের সর্বকনিষ্ঠ অলিম্পিকে পদকজয়ী আমন সেহওয়াতের লড়াইটা জীবনেরও। অলিম্পিকে ব্রঞ্জ জিতেছেন, জিতে গেছেন জীবনযুদ্ধেও। যাঁদের পদক উৎসর্গ করলেন, তাঁর মা-বাবা, তাঁরা কেউ জানতেই পারেননি কুস্তিগির হয়ে গেছেন তাঁদের ছেলে আমন। মাত্র ১১ বছর বয়সেই অনাথ। নিরাপদ আশ্রয় নেই। বোনের সঙ্গে কাদায় মারপিট করেই দিন কেটে যেত। দাদুর কাছেই বড় হয়ে ওঠা। সুশীল কুমারকে আইডল করেই কুস্তিতে আসেন তিনি। ছত্রশাল আকাদেমিতে হাতেখড়ি। সেখান থেকেই উত্থান। সুশীল যখন ১২ বছর আগে অলিম্পিকে পদক জেতেন, তখন আমনের বয়স ৯। লক্ষ্যটা তখন থেকেই স্থির করে ফেলেন। এরপর শুধু সাধনা। প্রথম ভারতীয় হিসেবে অনূর্ধ্ব-২৩ বিশ্বচ্যাম্পিয়নশিপে সোনা পান। তার আগে জেতেন জাতীয় চ্যাম্পিয়নশিপও। এরপর পরের ধাপ। এশিয়ান চ্যাম্পিয়নশিপে সোনা জেতেন। এশিয়ান গেমসে ব্রঞ্জ পান। লক্ষ্যটায় যেন ধাপে ধাপেই এগিয়েছেন। এরপর ২১-এই জিতে নিলেন অলিম্পিকের ব্রঞ্জ পদক। তরুণ আমন, ভবিষ্যতের আশা আরও বাড়িয়ে দিলেন।

ওজন সমস্যায় ফেঁসেছিলেন আমনও

প্যারিস: ভিনেশের মতোই ফাঁসছে বসেছিলেন আমন সেহরাওয়াতও। ওজন বেড়ে গিয়েছিল। প্রথম দিনের প্রতিযোগিতার শেষে আমনের ওজন দাঁড়ায় ৬১.৫ কেজি। অথচ পুরুষদের ৫৭ কেজি ফ্রিস্টাইলে খেলছিলেন। হাতে সময় ছিল ঘণ্টা দশেক। যুদ্ধকালীন তৎপরতায় শুরু হয় ওজন কমানোর লড়াই। ভিনেশের বেলায় ১০০ গ্রাম আর না কমলেও, সফল হন আমন। তাতে ঘণ্টাখানেক ধরে চলে হট বাথ। 'সউনা বাথ'ও দেওয়া হয়। এরপর প্রায় ১ ঘণ্টা টানা ট্রেডমিল। এতকিছুর পরও ওজন বেশি ছিল প্রায় ৯০০ গ্রাম। আমনকে উষ্ণ জলে লেবু ও মধু মিশিয়ে খাওয়ানো হয়। দেওয়া হয় কফি। চলে নির্ঘুম কসরত। শুরু হয় সমানে জগিং। ভোর সাড়ে চারটে নাগাদ আমনের ওজন নেমে আসে ৫৬.৯ কেজিতে। যা ৫৭ কেজির চেয়ে ১০০ গ্রাম কম। মোট ৪.৬ ওজন কমান আমন। যেন হাফ ছেড়ে বাঁচেন সবাই।

ভিনেশের ঘটনা থেকেই শিক্ষা

- ওজন বেড়ে গিয়েছিল আমনেরও
- ঝুঁকি নেননি ভারতীয় কোচেরা
- ১০ ঘণ্টার টানা কসরত
- তাতে কমে ৪.৬ কেজি ওজন
- এরপর ব্রঞ্জ জয় আমনের

দিল্লি ফিরে ধ্যানচাঁদের সামনে হকি দল

নিজস্ব সংবাদদাতা, দিল্লি: দেশে ফিরলেন ভারতের ব্রঞ্জজয়ী হকি তারকারা। পদক জিতেছেন প্যারিসে, ভারতে এসে মন জিতে নিলেন হরমনপ্রীতরা। দিল্লিতে গিয়েই ভারতীয় হকি দলের পদকজয়ীরা চলে যান মেজর ধ্যানচাঁদের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জানাতে। তার আগে যে বিমানে ফিরেছেন, সেখানেই তাদের কুর্নিশ জানান বাকিরা। দিল্লি বিমানবন্দরেও তাঁদের অভ্যর্থনায় ছিল উৎসবের মেজাজ। ঢাক-ঢোল নিয়ে ভারতীয় হকি তারকাদের বরণ করে নেয় ভক্তরা। ভারতীয় হকি দলকে সংবর্ধিত করেন কেন্দ্রীয় যুবকল্যাণ ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মাণ্ডব্য।

সর্বকনিষ্ঠ আমন

- আমন ২১ বছর ২৪ দিন বয়সে অলিম্পিকে পদক জিতে, পিভি সিন্ধুর দীর্ঘস্থায়ী অলিম্পিক রেকর্ড ভেঙে দিয়েছেন। এর আগে ২০১৬ রিও অলিম্পিকে পিভি সিন্ধু ২১ বছর, এক মাস ও ১৪ দিন বয়সে রুপো জিতেছিলেন। সেই সঙ্গে ভারতের সর্বকনিষ্ঠ ক্রীড়াবিদ হিসাবে অলিম্পিকে পদক জয় করেছিলেন। সেখানে আমন ২১ বছর হলেও, এক মাসও পূরণ হয়নি। তাই সিন্ধুকে ছাপিয়ে নয়া নজির গড়েছেন তরুণ এই কুস্তিগির।

প্যারিস অলিম্পিকের সাত-সতেরো

নজরকাড়া অ্যাথলিটদের জুতোও

শ্রীময়ী বসু

গ্রেটেস্ট শো অন দ্য আর্থ বলে পরিচিত অলিম্পিকের আসরে সবচেয়ে নজরকাড়া খেলা হল ট্র্যাক অ্যান্ড ফিল্ডের খেলা। অ্যাথলিটদের খেলার পাশাপাশি শারীরিক সক্ষমতা, ফ্যাশন, চুলের স্টাইলের সঙ্গে সঙ্গে নজর কাড়ে তাঁদের পরনের জুতোও। কারণ, জুতো মাপের না হলে বা ঠিকমতো না হলে শেষ মুহূর্তে সবকিছুই পণ্ড হতে পারে। একটু এদিক ওদিকেই পদক হাতছাড়া হতে পারে। তাই অলিম্পিকের আন্তর্জাতিক মঞ্চে নিজের সেরাটুকু দিতে জুতোর মতো অ্যাকসেসরিজের সঙ্গে কোনো আপস করেন না অ্যাথলিটরা। এবারের প্যারিস অলিম্পিকে নজর কাড়ছে cloudboom Echo LS নামক সুপার শ্যু। একেবারে হটকে ডিজাইনের এই জুতোর আরেক নাম স্প্রে অন শ্যু। এই জুতোর বৈশিষ্ট্য হল এটি পরার সময় ফিতে বাঁধতে হয় না। হালকা ওজনের জুতো।

এছাড়াও অনেক অ্যাথলিট পরছেন নাইকে সংস্থার আলফাফ্লাই জুতো। এটি দ্রুততম জুতো বলে পরিচিত। জুমএক্স মিডসোল থাকায় কুশনের মতো নরম। পরে আরাম। সব রকম পায়ের মাপে উপযোগী। কেলভিন কেপ্টাম অলিম্পিকে ম্যারাথন দৌড়ে সোনা জিতেছেন এই জুতো পরেই। রানাররা আবার বেছে নিয়েছেন অ্যাডিডাসের আডিজেরো আডিওস প্রো ৩ নামের অত্যাধুনিক জুতো। এই বিশেষ রকমের জুতোয় কার্বন ইনফিউজড এনার্জি রডস ২.০ প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। পুনর্ব্যবহারযোগ্য জিনিস দিয়ে তৈরি এই জুতো। এছাড়াও প্যারিস অলিম্পিকে আসিকস মেটা স্পিড এজ, নিউ ব্যালেন্স ফুয়েলসেল সুপারকম্প এলিট ভি৪ জুতো নজর কেড়েছে।

Name Change

I, Rajib Mukherjee, S/o Dinanath Mukherjee age - 58 years, Hindu, self employed R/A 1/3A, Avenue East, Modern Park, Santoshpur, P.O - Santoshpur, P.S - Survey Park, Kolkata - 700075 (W.B) declare that Rajib Mukherjee and Rajiv Mukherjee is same and identical person vide an Affidavit (No. 2956) before the 1st Class Judicial Magistrate, Kolkata dated 19.07.2024.

SEWLI GRAM PANCHAYAT
Sewli Telinipara, Debpukur, 24 Parganas (N), Pin- 700121,

NIT has been invited by the Pradhan, Sewli gram panchayat under Barrackpore -II Panchayat Samity, North 24 parganas vide **NIT No. SGP/308/2024 Dated: 10/08/2024** being **Tender ID: 2024_ZPHD_732048_1** to **2024_ZPHD_732048_6** under Fund **SBM(G)**. Last date of bid submission **17/08/2024** at **13.30 pm**. For other information please follow the website http://wbtenders.gov.in

Sd/-
Pradhan, Sewli Gram Panchayat

দুর্গাপুরে লিগ

সুবীর রায়, দুর্গাপুর : দুর্গাপুরে সুপার ডিভিশন ফুটবল লিগের গ্রুপ বির খেলায় এস বি এস টি সি স্পোর্টিং ক্লাব ৩ -১ গোলে হারায় তানসেন অ্যাথলেটিক ক্লাবকে। গোলগুলি করেন অভিজিৎ বাগদী, সুজয় বাউরী ও প্রবীর বিদ। অন্যদিকে, বিপক্ষে একমাত্র গোলটি করেন অজয় সিং।

পুরোনো বন্ধুর সঙ্গে দেখা ঊষার

প্যারিস: দেখতে দেখতে ৪০ বছর। কম দিন নয়! তবু সেই ঘটনা মনে পড়লে আজও মন কেঁদে ওঠে ভারতের 'কালোহরিণী'র। সে'কথাটাই যেন প্যারিসের গেমস ভিলেজে পিটি ঊষাকে মনে করিয়ে দিলেন নাওয়াল। যিনি ১৯৮৪ লস অ্যাঞ্জেলস অলিম্পিকে ৪০০ মিটার হার্ডলসের সোনাজয়ী তারকা। সেই ইভেন্টেই দগদগে ক্ষতচিহ্নটুকু রয়ে গেছে পিটি ঊষার। সেকেন্ডের ভগ্নাংশের জন্যই আনতে পারেননি ব্রঞ্জ পদক। ভেঙে গিয়েছিল স্বপ্ন। পিটি ঊষাকে হারিয়ে এক সেকেন্ডের একশো ভাগের এক ভাগ কম সময়ে ব্রঞ্জ পায় রোমানিয়ার কোজাক্যারু।

সোনাজয়ী নাওয়ালের সঙ্গে দেখা, গল্পে মুখে হাসি থাকলেও নস্ট্যালজিয়া কম নেই এখনও ঊষার।

লি'কে সংবর্ধনা দেবে ইস্টবেঙ্গল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: ১ অগাস্ট ক্লাবের প্রতিষ্ঠা দিবসে ইস্টবেঙ্গলের পক্ষ থেকে ভারত গৌরব সম্মান দেওয়া হয়েছে সৌরভ গঙ্গোপাধ্যায়কে। ১৩ দিনের মধ্যেই বাংলা তথা ভারতের আরো এক ক্রীড়া আইকন লিয়েন্ডার পেজকে সম্মানিত করতে চলেছে লাল হলুদ। আগামী ১৩ অগাস্ট ইস্টবেঙ্গল ক্লাবের প্রয়াত সচিব দীপক (পল্টু) দাসের ৮৫ তম জন্মদিবস স্মরণে 'স্পোর্টস ডে' পালিত হবে। এই অনুষ্ঠানে এবার সম্মানিত করা হবে সদ্য টেনিসের হল অফ ফ্রেম সম্মান পাওয়া লিয়েন্ডারকে। অনুষ্ঠানে ক্লাবের দুই বর্ষীয়ান কর্তা প্রণব দাশগুপ্ত ও কল্যাণ মজুমদারকে সম্মানিত করা হবে।

২ কিংবদন্তি। ভারতের ২ গর্ব। নীরজ চোপড়ার অলিম্পিকের মেডেল দেখে খুশি ফুটবল আইকন সুনীল ছেত্রী।

পাপন বেপাত্তা হলেও, তাঁকে সরানো সহজ নয় বিসিবির

ঢাকা: ৫ দিন পরেও খোঁজ নেই বাংলাদেশ ক্রিকেট বোর্ডের বর্তমান সভাপতি ও সদ্য বিলুপ্ত সংসদের সংসদ সদস্য নাজমুল হাসান পাপনের। নাজমুল হাসান পাপন ঠিক কোন অবস্থায় বিরূপ এই পরিস্থিতি সামাল দিচ্ছেন, তা অবশ্য এখনো জানা যায়নি। এদিকে অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতা বুঝে নিয়েছে। সেখানেই ছাত্র প্রতিনিধি আসিফ মাহমুদ পেয়েছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্ব। সবশেষ এই দায়িত্ব ছিল ক্রিকেট বোর্ডের সভাপতি নাজমুল হাসান পাপনের কাছেই। বর্তমান মেয়াদ অনুযায়ী ২০২৫ সাল পর্যন্ত তিনিই থাকছেন ক্রিকেটের শীর্ষকর্তা। ক্ষমতার পালাবদলে তাকে সরানোরও কোনো সুযোগ থাকছে না। নাহলে শাস্তির মুখে পড়তে পারে বাংলাদেশ।

ফর্ম নং- আইএনসি-২৬
(কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ অনুযায়ী)
কোম্পানির নিবন্ধীত কার্যালয় এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের বিষয়ে সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞাপন
রিজিওনাল ডিরেক্টর, কেন্দ্রীয় সরকার (ইস্টার্ন রিজিওন), পশ্চিমবঙ্গ-এর সমীপে
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর সেকশন ১৩-এর সাব সেকশন ৪ সহ কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ সাব রুল ৬-এর ক্লজ (এ) বিষয়ক এবং
ওয়েলনেস ভিল প্রাইভেট লিমিটেড, যার নিবন্ধিত কার্যালয় : জেড-৪৪, পঞ্চসায়র, পি-২১০-৪-১, পঞ্চসায়র, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৯৪, ভারত
.....আবেদনকারী
এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, **১৮.০৬.২০২৪ তারিখে** অনুষ্ঠিত উক্ত আবেদনকারী কোম্পানির **বিশেষ সাধারণ সভায়** গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর সেকশন ১৩-র অধীনে **'কলকাতা, পশ্চিমবঙ্গ রাজ্য'** থেকে **'গুরুগ্রাম, হরিয়ানা রাজ্য'**-তে এই কোম্পানির নিবন্ধীত কার্যালয় স্থানান্তরের উদ্দেশ্যে উক্ত কোম্পানির সদস্যস্মারকের পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে। এই কোম্পানির নিবন্ধীত কার্যালয়ের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারো স্বার্থ ক্ষুণ্ণ হলে বা ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে বলে মনে করেন তিনি / তাঁরা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দ দিনের মধ্যে **রিজিওনাল ডিরেক্টর**-কে **নিজাম প্যালেস, ।। এম.এস.ও বিল্ডিং, তৃতীয় তল, ২৩৪/৪, এ.জে.সি বোস রোড, কলকাতা - ৭০০ ০২০, পশ্চিমবঙ্গ**-এর কাছে তাঁর পুং/ স্ত্রী স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা নিবন্ধিত ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই এই কোম্পানীর নিম্নলিখিত নিবন্ধিত কার্যালয়ের ঠিকানায় পেশ করতে হবে অথবা **এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)**-তে ইনভেস্টর কমপ্লেন ফর্ম ফিলাপ করে জমা দিতে হবে :
ওয়েলনেস ভিল প্রাইভেট লিমিটেড
জেড-৪৪, পঞ্চসায়র, পি-২১০-৪-১, পঞ্চসায়র, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৯৪, ভারত
ওয়েলনেস ভিল প্রাইভেট লিমিটেড-এরপক্ষে ও সমর্থনে
তারিখ : ১২.০৮.২০২৪ সায়ন্তনী মণ্ডল-ডিরেক্টর
স্থান : গুরুগ্রাম DIN : 08820160
জেড-৪৪, পঞ্চসায়র, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০৯৪,

নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড
CIN : L51109WB1983PLC036091
রেজিস্টার্ড অফিস : ৮৮বি, (গ্রাউন্ড ফ্লোর), লেকভিউ রোড, কলকাতা - ৭০০০২৯
কর্পোরেট অফিস : ১৪/১১৩, সিভিল লাইনস, ৪০২-৪০৩, বান চেম্বারস, কানপুর — ২০৮ ০০১
ইমেল - neilil@rediffmail.com, neilindustrieslimited@gmail.com,
ওয়েবসাইট -www.neil.co.in, ফোন (কর্পো অফিস) : +৯১ ৮৯৫৩৩৩৮৮১৫
ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে (ওএভিএম)
নেইল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ৪১ তম বার্ষিক সাধারণ সভা সংক্রান্ত তথ্য
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর প্রযোজ্য প্রভিশন ও সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (দ্য লিস্টিং রেগুলেশন্স) সহ কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ) কর্তৃক জারি ০৮.০৪.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নম্বর ১৪/২০২০, ২৫.০৯.২০২৩ তারিখের জেনারেল সার্কুলার নম্বর ০৯/২০২৩ (এখানে একত্রে এমসিএ সার্কুলার বলে উল্লিখিত) এবং সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) কর্তৃক জারি ০৫.০১.২০২৩ এবং ০৭.১০.২০২৩ তারিখের সার্কুলার এবং অন্যান্য সার্কুলার মেনে (এখানে একত্রে সেবি সার্কুলার বলে উল্লিখিত) নেইল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের (দ্য কোম্পানি / দ্য নেইল) সদস্যদের ৪১ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এজিএম এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত (দ্য নোটিশ) ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিস্যুয়াল (ওএভিএম) মাধ্যমে শুক্রবার ২৭.০৯.২০২৪ তারিখে সকাল ১১টায় (ভারতীয় সময়) অনুষ্ঠিত হবে। কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১০৩ অনুযায়ী কোম্পানির সদস্যরা যাঁরা ভিসি / ওএভিএম ব্যবস্থার মাধ্যমে উক্ত সভায় অনুষ্ঠিত থাকবেন তাঁদের উপস্থিতিই একমাত্র বৈধতা পাবে।
প্রযোজ্য সার্কুলার অনুযায়ী এজিএম-এর বিজ্ঞপ্তি ও ২০২৩-২০২৪ অর্থবর্ষের আর্থিক ফলাফল সহ এজিএম এর বিজ্ঞপ্তি ও অন্যান্য প্রয়োজনীয় নথি বৈদ্যুতিন মাধ্যমে কোম্পানী / কোম্পানী রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট অ্যাইলাইন মিনানিয়াল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড বা ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত ই-মেল আইডিতে সদস্যদের ই-মেল করে পাঠানো হয়েছে। শেয়ারহোল্ডারদের এই মর্মে অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা যেন তাঁদের ই-মেল আইডি ও মোবাইল নম্বর সংশ্লিষ্ট ডিপোজিটরিসের কাছে ডিপোজিটরি পার্টিসিপেন্ট হিসাবে নথিবদ্ধ করে।
উপরোক্ত তথ্যগুলি কোম্পানীর ওয়েবসাইট www.neil.co.in ও বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com ও অ্যাইলাইন মিনানিয়াল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এর ওয়েবসাইট www.skylinerta.com -এ পাওয়া যাবে।
ভিসি / ওএভিএম এর মাধ্যমে সদস্যরা এজিএম-এ যোগদান করতে পারবেন। (i) ই-মেল আইডি নথিবদ্ধ / আপডেটের জন্য (ii) রিমোট ই-ভোটিং বা এজিএম-এর সময় ই-ভোটিং-এর মাধ্যম এবং (iii) যেসব সদস্যরা ডিমেটেরিয়্যালাইজড মোড ও এজিএম এর বিজ্ঞপ্তির মাধ্যমে ফিজিক্যাল মোডে কোম্পানীর শেয়ারের অধিকারী তাঁরা ভিসি / ওএভিএম এর মাধ্যমে এজিএম-এ যোগদান করতে পারবেন।
নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
(দীপান্তি ভার্মা)
তারিখ : ১০.০৮.২০২৪ কোম্পানী সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার
স্থান : কানপুর মেম্বারশিপ নং-A50852

কেকল্পনা প্লাস্টিক লিমিটেড
CIN : L25200WB1989PLC047702
রেজিস্টার্ড অফিস : ১২, ডঃ ইউ.এন. ব্রহ্মচারী স্ট্রীট, মারুতি বিল্ডিং,
৫ম তল, ফ্ল্যাট নং-৫এফ, কলকাতা - ৭০০০১৭, টেলিফোন : +৯১-০৩৩-৪০০৩ ০৬৭৪
ই-মেল : kolkata@kkalpanaplastick.co.in, ওয়েবসাইট : www.kkalpanaplastick.com
৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ
(লাখ টাকায়, শেয়ার প্রতি পরিসংখ্যান ব্যতীত)

ক্র. নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৪	সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৪	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৩	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৪
		(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১.	কাজের থেকে মোট আয়	০.০০	০.০০	০.০০	০.০০
২.	এই পর্বের প্রকৃত লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী দফা ও/বা অতিরিক্ত দফার আগে)	(১.২০)	(৫.২৪)	(২.১৪)	(৩.২৪)
৩.	করের আগে এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী দফা ও/বা অতিরিক্ত দফার পরে)	(১.৩৯)	(৫.৬৮)	(২.১৪)	(৩.৬৭)
৪.	করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী দফা ও/বা অতিরিক্ত দফার পরে)	(১.৩৯)	(৫.৭০)	(২.১৪)	(৩.৬৯)
৫.	এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় [(এই পর্বের লাভ / (ক্ষতি) (করের পর ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (করের পর) সহ)]	(১.৩৯)	(৫.৭০)	(২.১৪)	(৩.৬৯)
৬.	ইক্যুটি শেয়ার মূলধন	৫৫২.৮৫	৫৫২.৮৫	৫৫২.৮৫	৫৫২.৮৫
৭.	মজুত (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) বিগত আর্থিক বছরের নিরীক্ষিত ব্যালান্স শীট অনুযায়ী				৬৭.৫৩
৮.	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কাজের জন্য)				
	মূল :	(০.০৩)	(০.১০)	(০.০৪)	(০.০৭)
	লঘুকৃত	(০.০৩)	(০.১০)	(০.০৪)	(০.০৭)

দ্রষ্টব্য :
১. সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের নিরীক্ষিত আর্থিক ফলাফলটি কোম্পানীর পুঙ্খানুপুঙ্খ আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল। বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলটি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট ছাড়াও কোম্পানীর ওয়েবসাইট (www.kkalpanaplastick.com)-এ পাওয়া যাবে।
২. ৩০.০৬.২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলটি অডিট কমিটি পর্যালোচনা করেছে এবং তা কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের বৈঠকে ১০.০৮.২০২৪ তারিখে অনুমোদিত হয়েছে।
৩. আইএনডি এএস ১১৫ অনুযায়ী গ্রাহকদের সঙ্গে চুক্তি থেকে করা আয় ০১.০৪.২০১৮ তারিখে শুরু রিপোর্টিং পিরিয়ডের জন্য বাধ্যতামূলক, যেটি বর্তমান আয়কে প্রতিস্থাপন করেছে।
৪. কোম্পানিটি প্রাথমিকভাবে প্লাস্টিক মডিউলসের ব্যবসার সাথে যুক্ত তাই Indian Accounting Standard-108 Operating Segment অনুযায়ী কোম্পানিটির পৃথকীভিত্তিক বিবরণের প্রয়োজন নেই।
৫. সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অফলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস ২০১৫-এর ৩৩নং রেগুলেশন অনুযায়ী ৩০.০৬.২০২৪ তারিখের সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিষয় কোম্পানীর সংবিবেচ্য নিরীক্ষকগণ সীমিত পর্যালোচনা করেছে।
৬. সংশ্লিষ্ট বিগত পর্বের অর্থাঙ্কগুলি বর্তমান পর্বের অর্থাঙ্কের সঙ্গে সামঞ্জস্য রাখতে প্রয়োজনানুযায়ী পুনর্বিন্যাসিত/পুনর্সজ্জিত হয়েছে।
কেকল্পনা প্লাস্টিক লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্থান : কলকাতা সঞ্জয় কুমার শর্মা
(DIN : 02162166)
তারিখ : ১০.০৮.২০২৪ হোলটাইম ডিরেক্টর

এমর‍্যাল্ড কমার্শিয়াল লিমিটেড
CIN : L29299WB1983PLC036040
রেজি. অফিস : ১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং - ৪, কলকাতা - ৭০০০০১
৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ (লাখ টাকায়)

ক্র. নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৪	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৩	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৪
		(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১.	রেভিনিউ মোট আয়	৩৫.৩২	১২৩.০৭	১৮০৯.৭১
২.	ব্যয় মোট ব্যয়	২৫.৮৭	১০১.৬৯	১৭৯১.৫৩
৩.	অতিরিক্ত দফা এবং করের আগে লাভ (১ - ২)	৯.৪৫	২১.৩৮	১৮.১৮
৪.	ব্যতিক্রমী দফা	-	-	-
৫.	করের আগে লাভ (৩ - ৪)	৯.৪৫	২১.৩৮	১৮.১৮
৬.	কর ব্যয়	২.৪৬	৫.৫৬	৫.১৩
৭.	এই বছরের লাভ (৫ - ৬)	৬.৯৯	১৫.৮২	১৩.০৫
৮.	অন্যান্য কম্প্রিহেনসিভ আয় (নীট কর)			
৯.	এই বছরের মোট কম্প্রিহেনসিভ আয়	৬.৯৯	১৫.৮২	১৩.০৫
১০.	আদায় প্রদত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের প্রারম্ভিক মূল্য ১০ টাকা করে)	৪৬,৫১,৮৮,৫৭০	৪৬,৫১,৮৮,৫৭০	৪৬,৫১,৮৮,৫৭০
১১.	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা করে)			
	(ক) মূল	০.০১৬	০.০৩৬	০.০৩০
	(খ) লঘুকৃত	০.০১৬	০.০৩৬	০.০৩০

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং অ্যান্ড অদার ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।
এমর‍্যাল্ড কমার্শিয়াল লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
ইন্দ্রজিৎ শেঠ
স্থান : কলকাতা হোল টাইম ডিরেক্টর
তারিখ : ১০.০৮.২০২৪ DIN : 03581182

নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড
CIN : L51109WB1983PLC036091
রেজিস্টার্ড অফিস : ৮৮বি (গ্রাউন্ড ফ্লোর), লেক ভিউ রোড, কলকাতা - ৭০০ ০২৯
কর্পোরেট অফিস : ১৪/১১৩, সিভিল লাইনস, ৪০২-৪০৩, বান চেম্বারস, কানপুর - ২০৮ ০০১
ই-মেল : neilil@rediffmail.com, neilindustrieslimited@gmail.com
মোবাইল : কর্পো: অফিস : +৯১ ৮৯৫৩৩৩৮৮১৫, ওয়েবসাইট : www.neil.co.in
৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফল
(শেয়ার প্রতি আয় ছাড়া সব মূল্য লাখ টাকায়)

ক্রম নং	বিবরণ	৩০.০৬.২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক	৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত বছর	৩০.০৬.২০২৩ তারিখে সমাপ্ত বিগত বছরের সংশ্লিষ্ট ত্রৈমাসিক
		(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)
১.	কাজের থেকে মোট আয়	৬৮.৫৫	৩১৯.৬৯	৭৬.২৫
২.	এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং